

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় পরিচ্ছেদ: হায়েয, ইস্তেহাযাহ ও নিফাস সংক্রান্ত বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হলুদ ও মেটে বর্ণের রক্তের হুকুম:

'সুফরাহ' বা হলুদ বর্ণ: সুফরাহ হচ্ছে নারীর রেহেম থেকে নির্গত পুঁজের ন্যায় তরল পদার্থ, যার উপর হলুদ বর্ণ অধিক প্রতিভাত হয়। আর 'কুদরাহ' হচ্ছে নারীর রেহেম থেকে নির্গত মেটে বর্ণের ন্যায় তরল পদার্থ। ঋতুকালীন সময় নারীর রেহেম থেকে সুফরাহ অথবা কুদরাহ বের হলে হায়েয গণ্য হবে এবং তার জন্য হায়েযের হুকুম প্রযোজ্য হবে। এ জাতীয় পদার্থ ঋতুকালীন সময় ব্যতীত অন্য সময় বের হলে হায়েয গণ্য হবে না, বরং তখন নারী নিজেকে পবিত্র জ্ঞান করবে। কারণ, উম্মে 'আতিয়্যাহ রাদিয়াল্লাহু 'আনহা বলেন: ''আমরা পবিত্র হওয়ার পর 'সুফরাহ' ও 'কুদরাহ'কে কিছুই গণ্য করতাম না''। হাদীসটি আবু দাউদ বর্ণনা করেছেন। ইমাম বুখারীও বর্ণনা করেছেন, তবে তিনি (পবিত্র হওয়ার পর) বাক্যটি বর্ণনা করেনেনি। এ জাতীয় হাদীসকে মারফু' হাদীস বলা হয়। কারণ, এতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সমর্থন বুঝা যায়। উম্মে 'আতিয়্যার কথার অর্থ হায়েয় অবস্থায় বা হায়েযের নির্দিষ্ট সময় যদি সুফরাহ বা কুদরাহ নির্গত হয় হায়েয় হিসেবে গণ্য হবে এবং তার বিধানও হবে হায়েযের বিধান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14691

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন